

# মানুষ মানুষের জন্য – মাহমুদা রুন্না

মুন্নি হক মাত্র ২৭ বছর বয়সী একজন গৃহবধু। সিডনী এসেছেন তার স্বামী ইমরান কবির ও এক বছর বয়সী কন্যা রাইয়াকে নিয়ে। ইমরান একজন প্রকৌশলী এবং প্রভাষক শাহজালাল বিশ্ববিদ্যালয়, সিলেট। গত মার্চ মাসে সিডনী এসেছে সিডনী ইউনিভার্সিটিতে পড়াশোনার জন্য। অস্ট্রেলিয়ায় আসবার জন্য ঢাকা থেকে ভিসার প্রয়োজনে মেডিক্যাল চেকাপের সময় ধরা পড়ে মুন্নির ফুসফুসে একটি বড় ধরনের টিউমার যা কিনা তার একটি ফুসফুসের ৯০ ভাগ জুড়ে বাসা বেধেছে। ওটা বাড়ছে খুব তাড়াতাড়ি। হাইকমিশনের বিশেষজ্ঞ ডাক্তার মুন্নিকে পরামর্শ দেয় ঢাকায় এই অপারেশন না করতে কারন সেখানে এধরনের অপারেশনের সাফল্য অনেক কম। সেই বিশেষজ্ঞের পরামর্শে মুন্নি তার স্বামীর সাথে সিডনী চলে আসে।

এখানে এসে সিডনীর রয়্যাল প্রিন্স অব ওয়েলস হাসপাতালের ডাক্তার অধ্যাপক ডাঃ বি সি ম্যাকগানের তত্তাবধানে তার চিকিৎসা চলছে। প্রয়োজনীয় সমস্ত পর্যবেক্ষনের পর দেখা গেছে মুন্নির বাম ফুসফুসে একটা টিউমার যেটার মাপ ৯সেমি X ১৬সেমি X ২৫সেমি। যেটা এখন তার হৃদপিণ্ড ও যকৃতকে চাপ দিচ্ছে এবং দ্রুত তার ফুসফুসের সমস্তটাই টিউমারে ধ্বংস হোয়ে যাচ্ছে। আর পি এ হাসপাতাল থেকে তাদেরকে বলা হোয়েছে খরচ লাগবে ৩২০০০ ডলার। তাদের ইন্সুরেন্স এটা কভার করবে না কারন এটা প্রি-এক্সিসটিং কেস। ওদেরকে এক বছর অপেক্ষা করতে হবে ইন্সুরেন্সের কভার পেতে। কিন্তু তার অপারেশন এখনি দরকার।

ইমরান মাত্র ইঞ্জিনিয়ারিং পাশ করে চাকুরীতে ঢুকে সিডনী এসেছে পড়াশোনা করতে তার নিজস্ব সর্বস্ব খরচ করে। এই অঙ্কের টাকা যোগার তার জন্য অসাধ্য। এখন মুন্নিকে বাচাতে আপনাদের দোয়া, স্নেহ আর একটু অনুগ্রহ একান্ত কাম্য। নীচের একাউন্টে আপনারা তাকে আপনাদের ভালবাসা স্নেহ দোয়া দয়া সবটুকু থেকে সামান্য করে হোলেও দান করবেন এই আমাদের একান্ত অনুরোধ।

খুব দ্রুত অর্থের প্রয়োজন। আসুন আমরা মনবতার ব্রত নিয়ে একজন মানুষের জীবন রক্ষার জন্য আমাদের আন্তরিকতার হাত বাড়িয়ে দিই। আপনার সামান্য অর্থ একটি পরিবারকে অর্থবহ করতে পারে। মুন্নিকে সাহায্য করতে চাইলে নীচের একাউন্টে অর্থ জমা দিতে পারেন। ইন্টারনেটেও ডলার দেয়া যাবে।

Commonwealth Bank

Account holder: **MD IMRAN KABIR**

BSB: **062284**

Account number: **1042 3875**

মুন্নির স্বামী, ইমরান কবির এর সাথে যোগাযোগ করতে চাইলেঃ

**MD. IMRAN KABIR** | PhD Student

Desk 44 | Room 101

School of Civil Engineering | Faculty of Engineering & IT

The University of Sydney | NSW 2006 | Australia

T +61 2 935 12145 | C +61 426 990 461 | E-mail: imran.kabir@sydney.edu.au

Assistant Professor (on leave)

Department of Civil & Environmental Engineering | School of Applied Sciences & Technology

Shahjalal University of Science & Technology | Sylhet 3114 | Bangladesh

E-mail: imran-cee@sust.edu